The Bangladesh Times

তারিখ 26 SEP 1988
পৃষ্ঠা ... কলাম ...

032

# ঢাকা পলিটেকনিক ইনষ্টিটিউট

তেজগাঁও, ঢাকা-১২০৮।

## ছাত্র ভর্তির বিজ্ঞপ্তি

### সেশন ১৯৮৮-৮৯

ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটে ১৯৮৮-৮৯ শিক্ষা বর্ষে তিন বৎসর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনীয়ারিং কোর্সে সর্ব-মোট ৫৪০টি আসনে (সংরক্ষিত আসনসহ) ছাত্র ভর্তির জন্য ৫০/- টাকার বিনিময়ে নিম্নস্বাক্ষরীর অফিস হইতে প্রাপ্ত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে।

ভর্তির জন্য নিম্নতম যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী :

১। প্রার্থিগণকে এসএসসি অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে মোট নম্বরের ৫০% এবং সাধারণ অথবা নৈর্বাচনিক অথবা উচ্চতর গণিতে ৫০% নম্বর পাইয়া উত্তীর্ণ হইতে হইবে।

২। ১৯৮৮ সনে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থিগণ নিয়-মিত বলিয়া গণ্য হইবে। ইহা ছাড়া ১৯৮৭ সনে এস-এসসি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী মোট নম্বর হইতে (প্রেস মার্ক বাদ দিয়া ১০০০ নম্বর-এর মধ্যে) ৫% নম্বর বাদ দিয়া প্রাপ্ত নম্বরের ভিত্তিতে আবেদন করার সুযোগ পাইবে। ১৯৮৭ সনের পূর্বে এসএসসি পাস করিয়াছে এইরূপ প্রার্থী দরখাস্ত করার অযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

৩। আবেদনপত্র গ্রহণ করার শেষ তারিখ ২২-১০-৮৮ ইং বেলা ২টা পর্যন্ত।

৪। ভর্তি পরীক্ষা ১৯-১১-৮৮ ইং তারিখ সকাল ১০টায় অনুষ্ঠিত হইবে।

৫। প্রথম বর্ষ ১ম পর্বে বিভাগ ভিত্তিক ছাত্র ভর্তি করা হইবে।

৬। আবেদনকারীদের মধ্য হইতে মেধা ভিত্তিতে আসন সংখ্যার চারগুণ ছাত্র/ছাত্রীকে ভর্তি পরীক্ষায় অংশ-গ্রহণের সুযোগ দেওয়া হইবে।

দরখাস্তের ফরম ও অন্যান্য পূর্ণাঙ্গ তথ্যাবলীর জন্য ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষা বিষয়ক শাখার সাথে যোগাযোগ করা যাইতে পারে।

স্বাক্ষরিত—
(এমদাদুল হক চৌধুরী)
অধ্যক্ষ,
ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট,
তেজগাঁও, ঢাকা-১২০৮।
ফোন—৬০১৮২০।

ডিএফপি(প্র)—১১৭৯৯/২৪-৯-৮৮
জিডি—২০৪৭